পুজোর পাঁচ দিনে অ্যাকাডেমিতে

থিয়েটার কার্নিভাল

এবার পুজোর পাঁচ দিনে দশটি নাটক অ্যাকাডেমি মঞ্চে। পুজোর আবহে জমজমাট থিয়েটার উৎসব।

অলোকপ্রসাদ চট্টোপাধ্যায়

পুজোয় কী কী সিনেমা রিলিজ করছে, তাই নিয়ে বহু আগে থেকেই প্রচার শুরু হয়ে যায়। মিডিয়াও সরগরম হয়ে ওঠে। এবার নতুন উদ্যোগ থিয়েটার মহলে। দুর্গাপুজোয় ষষ্ঠী থেকে নবমী— এই পাঁচদিন অ্যাকাডেমি মঞ্চে থিয়েটার কার্নিভাল। এবং, এবারই পাঁজির হিসেব অনুসারে দু'দিন সপ্তমী। তাই ষষ্ঠী থেকে নবমী— পাঁচটা দিন থিয়েটার উৎসবের প্রস্তুতি তুঙ্গে। ১৬ অক্টোবর থেকে ২০ অক্টোবর, অ্যাকাডেমি মঞ্চে দর্শকদের জন্যে থিয়েটার কার্নিভালের আয়োজন।

এই উৎসবের আয়োজনে আছেন চৈতী ঘোষাল থেকে সুজন (নীল) মুখোপাধ্যায়, বিপ্লব বন্দ্যোপাধ্যায়, মণীশ মিত্র থেকে সৌরভ পালোধির মতো থিয়েটারের অভিনেতা, পরিচালকেরা। অন্যদিকে, নতুন প্রজন্মের ঋদ্ধি সেন থেকে শরণ্য দে প্রবল উৎসাহে এই কার্নিভালকে সফল করতে উদ্যোগী। এই উৎসবে আছেন বিশিষ্ট নাট্যব্যক্তিত্ব প্রবীণ অশোক মুখোপাধ্যায়, যাঁর নির্দেশনায় থিয়েটার ওয়ার্কশপের প্রযোজনায়, উৎসবের দ্বিতীয় দিন ১৭ অক্টোবর দুপুরে মঞ্চস্থ হবে 'গদাইবাবু আসছেন'। এই নাটকে অভিনয় করছেন গৌতম হালদার ও লোকনাথ দে। ওই দিন সন্ধ্যায় 'জোড়াসাঁকো প্যাঁচার দল'-এর প্রযোজনায় নিরূপ দাশগুপ্তের পরিচালনায় অভিনীত হবে 'বহুরূপী শরৎ'।

প্রথম দিন, ১৬ অক্টোবর দুপুরে কসবা অর্ঘ্যর প্রযোজনায় মণীশ মিত্রর পরিচালনায় 'মেফিস্টো', সন্ধ্যায় টেনথ প্ল্যানেট থিয়েটার ও বিডন স্ট্রিট শুভম প্রযোজিত শরণ্য দে পরিচালিত 'ম্যাকবেথ টুয়েল্ফথ নাইট'। ১৮ তারিখে কৌশিক সেনের পরিচালনায় 'স্বপ্নসন্ধানী'র 'ম্যাকবেথ টু পয়েন্ট ও', সন্ধ্যায় বিপ্লব বন্দ্যোপাধ্যায় নির্দেশিত 'প্রাচ্য'-র প্রযোজনা 'তাহাদের কথা'। ১৮ তারিখে 'ইচ্ছেমতো'র প্রযোজনায় দুটি শো সৌরভ পালোধি পরিচালিত 'যে জানলাগুলোর আকাশ ছিল' এবং 'কীত্তন খোলা'। শেষদিন, ২০ অক্টোবর, নবমীর দুপুরে 'বেহালা অফবিট থিয়েটার প্রযোজিত চৈতী ঘোষাল পরিচালিত 'রক্তকরবী'। বহু বছর ধরে এই নাটকের 'নন্দিনী' হয়ে আসছেন চৈতী। তবে, এবার তাঁর বাবা প্রয়াত শ্যামল ঘোষালের তৈরি দল 'অফবিট থিয়েটার'কে নতুন করে বাংলা মঞ্চে নিয়ে আসছেন চৈতী। এবং এবার এই রক্তকরবীর 'নন্দিনী' ও নির্দেশক তিনিই। নবমীর সন্ধ্যায় 'চেতনা'র নতুন নাটক সুজন মুখোপাধ্যায়ের পরিচালনায় 'মামলা জারি থাকবে'।

রক্তকরবী। চৈতি ঘোষাল।

কাহিনি আগাথা ক্রিস্টির, ফলে নবমীর সন্ধ্যা যে রহস্যঘন হয়ে উঠবে, সন্দেহ নেই। 'মেঘে ঢাকা ঘটক'-এর মতো উজ্জ্বল নাটক প্রযোজনার পরেই রহস্যের আবহ নিয়ে এসেছেন সুজন, 'মামলা জারি থাকবে' নাটকে।

সব মিলিয়ে, সার্বিক ভাবে পুজোর দিনে থিয়েটারের কার্নিভাল যে নতুন মাত্রা যোগ করবে শারদীয় উৎসবে, সন্দেহ নেই। চৈতী এবং সুজন বললেন, প্রতি বছর এই কার্নিভাল হবে, এটা আমাদের অঙ্গীকার। বাংলা থিয়েটারের দর্শকদের শুভেচ্ছা— অঙ্গীকার ও কার্নিভাল জারি থাকুক।

মামলা জারি থাকবে। নিবেদিতা মুখোপাধ্যায়।

পুনশ্চ: পুজোর কলকাতায় এবার নতুন হোর্ডিং— 'শারদ নাট্যোৎসব ২০২৬'। এটা অ্যাকাডেমির কার্নিভালের বিজ্ঞাপন নয়। প্রতাপাদিত্য রোড ত্রিকোন পার্ক বারোয়ারি দুর্গাপুজোর এবার এটাই থিম। বিমল সামন্তের নির্দেশনায় গড়ে উঠছে থিয়েটারের মঞ্চ-সুলভ প্যান্ডেল। থাকছে গ্রিন রুম, বড় আয়না, থিয়েটারের দর্শকাসন। এবং আলোক সম্পাত। এই পুজো ভাবনায় আলোর দায়িত্বে থাকার প্রেমেন্দুবিকাশ চাকী বললেন, অ্যাকাডেমির থিয়েটার কার্নিভালের সঙ্গে মিলে গেল আমাদের থিম। একেই বোধহয় বলে পুজোর মণিকাঞ্চন যোগ।

কবিতা পড়তে কাল শহরে তসলিমা

সংস্কৃতির প্রতিবেদন: নিজের কবিতা পাঠ করতে আবার কলকাতায় আসছেন তসলিমা নাসরিন। আগামিকাল মহাজাতি সদনে এই অনুষ্ঠানের আয়োজক 'লি রিদম' সংস্থা। এখানে তসলিমা নাসরিনের কবিতা থেকে গানও পরিবেশিত হবে। মৌসুমী হোসেনের সুরে গানগুলি গাইবেন সুরকার ছাড়াও সোমদত্তা বন্দ্যোপাধ্যায়, পিয়ালী হালদার।

এই অনুষ্ঠানের শিরোনাম— 'শিকল ভাঙার গল্প।' অনুষ্ঠানে কৃতী নারীদের হাতে তুলে দেওয়া হবে 'উমা সম্মান'। প্রয়াত গায়িকা রিনি মুখোপাধ্যায় এই সংস্থার সূচনা করেছিলেন। তাঁর নামে দেওয়া হবে লাইফটাইম সম্মান। এখন রাজীব মুখোপাধ্যায় এগিয়ে নিয়ে চলেছেন এই সংস্থাটি। এদিন দেবীবন্দনার নৃত্য পরিচালনায় থাকবেন মৈত্রেয়ী পাহাড়ী।

কাশ ফুলের গন্ধ

কাশ ফুলের গন্ধ। মেখলা দাশগুপ্তের কণ্ঠে পুজোর এই গান প্রকাশিত হল, যার সুরকার ও গীতিকার শ্রীরাজ মিত্র। সঙ্গীতায়োজনে আছেন রকেট মণ্ডল, চ্যাপার টু-তে এই গানটি প্রকাশ করলেন পরিচালক রাজা চন্দ। গানটি সুরবিন্দর মিউজিক থেকে তাদের ইউটিউব চ্যানেলে মুক্তি পেল। সুমিত মণ্ডলের পরিচালনায় এই মিউজিক ভিডিওতে অভিনয় করেছেন সুদীপ্ত রায়, বিপুল ঋষি।

অলির কথা শুনে

সংস্কৃতির প্রতিবেদন: রবীন্দ্রসঙ্গীতের শিল্পী হিসেবেই তিনি পরিচিত। কিন্তু আধুনিক বাংলা গানেও তিনি যে সমান স্বচ্ছন্দ, এবার পুজোয় প্রমাণ মিলল। ১৯৬০ সালে গৌরীপ্রসন্ন মজুমদারের কথায়, নিজের সুরে হেমন্ত মুখোপাধ্যায় গেয়েছিলেন 'অলির কথা শুনে বকুল হাসে'। আজও জন প্রিয় এই গান। এই গানটিই এবার পুজোয় শান্তনু বসুর সঙ্গীতায়োজনে রেকর্ড করলেন সুছন্দা। কোনও সন্দেহ নেই, শিল্পীর কণ্ঠে উজ্জ্বল হয়ে উঠেছে এই গান। ইউটিউব এবং অন্য ডিজিটাল প্ল্যাটফর্মে শোনা যাবে এই গান। গানটির চিত্রায়ণে আছেন রানা ব্যানার্জি।

ডবল রূপঙ্কর

সংস্কৃতির প্রতিবেদন: এবার পুজোয় 'ডবল রূপঙ্কর' নিয়ে এল দ্য ড্রিমার্স মিউজিক পিআর এজেন্সি। নিবেদনে খুকুমণি, সহযোগিতায় থিজম ইভেন্টস। দুটি নতুন আধুনিক বাংলা গান প্রকাশ অনুষ্ঠান হয়ে গেল লেজেন্ড অ্যান্ড লিগেসি ক্যাফেতে সুদীপ্ত চন্দ-র কথায় ও সুরে দুটি নতুন গান প্রকাশ পেল জাতীয় পুরস্কার প্রাপ্ত সঙ্গীতশিল্পী রূপঙ্কর বাগচীর কণ্ঠে।

আন্তর্জাতিক ট্যুরিজম ডে-কে মাথায় রেখে বিগত বেশ কিছু বছর ধরে পুজোর আগে নতুন বাংলা গান প্রকাশ করে আসছে দ্য ড্রিমার্স। উল্লেখ্য, এই সংস্থার অন্যতম প্রধান অনুষ্ঠান 'মাউন্টেন মিউজিক ফেস্টিভ্যাল', যা পাহাড়ে আয়োজিত হয়। 'মেঘ আসে পাশে', 'একলা পথ'— এই দুটি গান প্রকাশ করলেন রূপঙ্কর, দেবজ্যোতি মিশ্র, খুকুমণি-র পক্ষে অরিত্র রায় চৌধুরি, রিয়া রায় চৌধুরি, থিজম ইভেন্টস-এর পক্ষে ঋতম সাহা, সঙ্গীত আয়োজকদের মধ্যে মাধুর্য মুখার্জি, রণদেব মুখার্জি প্রমুখ। প্রথম গান 'মেঘ আসে পাশে'র সঙ্গীত আয়োজনে রণদীপ মুখোপাধ্যায় (যিনি মানু নামেই বেশি পরিচিত) এবং দ্বিতীয় গানটি 'একলা পথ' মাধুর্য মুখোপাধ্যায়ের করা।

গান দুটি মুক্তি পেল জনপ্রিয় অনলাইন মিউজিক স্ট্রিমিং মাধ্যমে, আর 'একলা পথ' গানের মিউজিক ভিডিও দ্য ড্রিমার্স মিউজিক পিআর এজেন্সির অফিসিয়াল ইউ টিউব চ্যানেলে।

জননী এসেছে দ্বারে

সংস্কৃতির প্রতিবেদন: মেঘদূত আয়োজিত 'জননী এসেছে দ্বারে' অনুষ্ঠানটি আয়োজিত হয় শোভাবাজার রাজবাড়ির নাটমন্দির প্রাঙ্গণে। পুরনো বাঙালিয়ানার আদলে অনুষ্ঠানটির ভাবনা ও পরিকল্পনায় ছিলেন মেঘদূতের কর্ণধার বাচিকশিল্পী সুকন্যা রায়। নৃত্যশৈলীর মাধ্যমে মঞ্চ আলো করেছিল নৃত্যাঙ্গন সুরঙ্গমার নৃত্যশিল্পীরা। যার পরিচালনায় ছিলেন সুরভি বিশ্বাস। সুচারু সঞ্চালনায় ছিলেন সৌরভ মিত্র এবং মধুমিতা বসু।

SBI | স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ-II, কলকাতা
জীবনদীপ বিল্ডিং, ১০ নং ফ্লোর, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১; ই-মেল: clo4.samb2kol@sbi.co.in
ই-নিলাম বিজ্ঞপ্তি
অনুমোদিত আধিকারিক সম্পর্কিত তথ্য: নাম- শ্রী রাজেশ চট্টোপাধ্যায়, ই-মেল: clo4.samb2kol@sbi.co.in, মোবাইল: ৯৬৭৪৭ ১০৬২৩
সিও: সুস্মিতা পাইক, মোবাইল: ৯১২৩৮ ৫৪৩২০
পরিশিষ্ট-IV-A [রুল রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
ই-নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৭.১০.২০২৬
সময়সীমা: সকাল ১১টা থেকে বিকেল ৪টে, প্রতি বিডের জন্য ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত ঋণদাতা-এর অনুমোদিত আধিকারিক সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা / দায়বদ্ধ করা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তির বাস্তবিক দখল নিয়েছেন এবং ঋণগ্রহীতা: মেসার্স ডেকান ট্রেডকম প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস: পি-২৪৫, সিআইটি রোড, স্কিম VI(M), কলকাতা-৭০০০৫৪, পশ্চিমবঙ্গ এবং এর জামিনদারগণ: (১) শ্রী অনুজ কুমার রুংতা, নিবাস: পি-১৫০এ, সিআইটি রোড, স্কিম VI(M), কলকাতা-৭০০০৫৪; (২) শ্রী আলোক কুমার পোদ্দার, নিবাস: ১২, বাঙ্গুর অ্যাভিনিউ, ব্লক 'সি', লেক টাউন, কলকাতা-৭০০০৫৫ এবং কর্পোরেট জামিনদার: মেসার্স শিবজটা কমোট্রেড প্রাইভেট লিমিটেড, রেজিস্টার্ড অফিস: পি-২৪৫, সিআইটি রোড, স্কিম VI(M), কলকাতা-৭০০০৫৪, পশ্চিমবঙ্গ ও কর্পোরেট জামিনদার: মেসার্স পঞ্চধন প্রপার্টিজ প্রাইভেট লিমিটেড, পি-৭০, সিআইটি রোড, স্কিম VI(M), কলকাতা-৭০০০৫৪-এর থেকে ১০.০৩.২০১৫ তারিখের ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতার পাওনা বাবদ ₹২৭,০২,৪৫,০২৭.০০ (সাতাশ কোটি দুই লক্ষ পঁয়তাল্লিশ হাজার সাতাশ টাকা মাত্র), তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও মাশুল পুনরুদ্ধারের জন্য নিম্নবর্ণিত সম্পত্তিগুলি ২৭.১০.২০২৬ তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে।
বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সুরক্ষিত ঋণদাতার ওয়েবসাইট অর্থাৎ, https://sbi.co.in এবং ই-নিলামের ওয়েবসাইট https://baanknet.com/eauction-psb/x-login দেখুন।
তারিখ: ০৭.১০.২০২৬ স্থান: কলকাতা | কোনও বিবাদের ক্ষেত্রে ইংরেজি মাধ্যমে প্রকাশিত বিজ্ঞপ্তি বৈধ হবে। | স্বাঃ- অনুমোদিত আধিকারিক, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক | punjab national bank
দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট IV [রুল ৮(১) দ্রষ্টব্য]
এমসিসি মেদিনীপুর ইস্ট ব্রাঞ্চ
সুপার মার্কেট, ফার্স্ট ফ্লোর, দুর্গাচক, হলদিয়া, পিন-৭২১৬০২। ই-মেল: mcc8125@pnb.co.in
যেহেতু, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক-এর অনুমোদিত আধিকারিক রূপে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ০৩.০৭.২০২৬ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে ওই বিজ্ঞপ্তির/ বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক অর্থাৎ, ০৩.০৭.২০২৬ তারিখ অনুযায়ী ₹৬,১৮,৪০,৩৯৩.৩৬ (ছয় কোটি আঠারো লক্ষ চল্লিশ হাজার তিনশো তিরানব্বই টাকা এবং ছত্রিশ পয়সা মাত্র), তৎসহ পুরো বকেয়া পরিশোধের তারিখ পর্যন্ত আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে উদ্ভূত সুদ ও অন্যান্য খরচাপাতি (যাকে এখানে 'সিকিওরড ডেট' বলা হয়েছে) আদায় দেওয়ার জন্য ঋণগ্রহীতা এবং বন্ধকদাতা মেসার্স কে ডি ক্যাশু ইন্ডাস্ট্রি, প্রোপ্রাইটর: মিঃ কমলেন্দু দাস, পিতা- প্রয়াত অশ্বিনী কুমার দাস, ঠিকানা গ্রাম- টেঙ্গুনিয়া, পোঃঅঃ- টেঙ্গুনিয়া, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, পশ্চিমবঙ্গ, পিন- ৭২১৪০১, মিঃ শান্তনু জানা (বন্ধকদাতা), পিতা- প্রয়াত অশ্বিনী কুমার জানা (দলিল নং ২৩১০/১৬), ঠিকানা গ্রাম- কিশোরনগর, পোঃঅঃ- কাঁথি, থানা- কাঁথি, জেলা- পূর্ব মেদিনীপুর, পিন- ৭২১৪০১-এর প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা/ জামিনদার এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৪) নং উপধারাধীনে অর্পিত ক্ষমতাবলে ১ অক্টোবর, ২০২৬ তারিখে এখানে নীচে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত ওই ঋণগ্রহীতা এবং জনসাধারণকে এতদ্দ্বারা উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও ধরনের লেনদেন ০১.১০.২০২৬ তারিখ অনুযায়ী ₹৫,০৮,৭৯,২৭০.৩৬ (পাঁচ কোটি আট লক্ষ উনআশি হাজার দুশো সত্তর টাকা এবং ছত্রিশ পয়সা মাত্র) (কোল্যাটেরাল হিসেবে রাখা এফডিআর লিকুইডেশনের পর), তৎসহ ০১.১০.২০২৬ আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে পরবর্তীতে উদ্ভূত সুদ ও অন্যান্য খরচাপাতি সমেত ওপরে উল্লিখিত অর্থাঙ্কের প্রেক্ষিতে পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, এমসিসি মেদিনীপুর ইস্ট ব্রাঞ্চ-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
সুরক্ষিত পরিসম্পদ ছাড়িয়ে নিতে প্রাপ্য সময়সীমা সম্পর্কিত বিষয়ে উক্ত অ্যাক্টের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থানগুলির প্রতি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।
স্থাবর সম্পত্তির বিবরণ
... অশ্বিনী কুমার দাস। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা (দলিল নং ২৩০৮/১৬ অনুযায়ী): উত্তর- আর এস দাগ নং ১৩৭৯, ১৩৭৪ এবং ১৩৭৩-এর জমি; দক্ষিণ- আর এস দাগ নং ১৩৮১-এর জমি এবং ৬ ফুট চওড়া কাঁচা রাস্তা; পূর্ব- আর এস দাগ নং ১৩৭৩-এর জমি, এরপর ১২ ফুট চওড়া কাঁচা রাস্তা; পশ্চিম- আর এস দাগ নং ১৩৮১-এর জমি। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা (দলিল নং ২৩০৯/১৬ অনুযায়ী): উত্তর- আর এস দাগ নং ১৩৭৯, ১৩৭৪ এবং ১৩৭৩-এর জমি; দক্ষিণ- আর এস দাগ নং ১৩৮১-এর জমি এবং ৬ ফুট কাঁচা রাস্তা; পূর্ব- ১২ ফুট চওড়া কাঁচা পঞ্চায়েতি রাস্তা; পশ্চিম- আর এস দাগ নং ১৩৭৩-এর জমি।
তারিখ: ০১.১০.২০২৬ স্থান: হলদিয়া | অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

ফর্ম নং ইউআরসি-২
XXI চ্যাপ্টারের পার্ট-I-এর অধীনে নিবন্ধীকরণের বিজ্ঞপ্তি প্রদানকারী বিজ্ঞাপন
[কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ৩৭৪(খ) ধারা এবং কোম্পানি (নিবন্ধীকরণের জন্য অনুমোদিত) রুলস, ২০১৪-এর ৪(১) রুল অনুযায়ী]
১. এতদ্দ্বারা বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, কোম্পানিজ অ্যাক্ট, ২০১৩-এর ৩৬৬ ধারার ২ নং উপ-ধারা অনুযায়ী, সেন্ট্রাল রেজিস্ট্রেশন সেন্টার (সিআরসি), ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ কর্পোরেট অ্যাফেয়ার্স (আইআইসিএ), প্লট নং ৬, ৭, ৮, সেক্টর ৫, আইএমটি মানেসার, জেলা- গুরগাঁও (হরিয়ানা), পিন কোড-১২২০৫০-এ অবস্থিত রেজিস্ট্রারের কাছে একটি আবেদন করা হয়েছে যাতে পি এস নিটওয়্যার এলএলপি (এলএলপিআইএন-এএসি-৯০৬৬), একটি লিমিটেড লায়াবিলিটি পার্টনারশিপ-কে কোম্পানিজ অ্যাক্ট ২০১৩-এর XXI-চ্যাপ্টারের পার্ট-I এর অধীনে শেয়ার দ্বারা সীমাবদ্ধ কোম্পানি হিসেবে নিবন্ধিত করা যায়।
২. কোম্পানির প্রধান উদ্দেশ্যগুলি নিম্নরূপ: সুতি মিশ্রিত সিন্থেটিক, আর্ট সিল্ক, হোসিয়ারি, উল, পাট, লিনেন, ফ্লেক্স এবং বা অন্যান্য আঁশযুক্ত পদার্থের কাপড়, ইন্ডাস্ট্রিয়াল ফ্যাব্রিক এবং পণ্য তা সে টেক্সটাইল, ফেল্টেড, ব্লিচড, ডাইড, প্রিন্টেড, এমব্রয়ডারি করা বা লুপযুক্ত, সেলাই করা বা সেলাই ছাড়া যাই হোক না কেন, পোশাকের স্যুটিং, শার্টিং, কুর্তা, পর্দার কাপড়, বিছানার চাদর, গৃহসজ্জার কাপড় এবং হ্যান্ডলুম বা তাঁতের কাপড় ইত্যাদির ব্যবসা বাণিজ্য, প্রক্রিয়াকরণ, উৎপাদন, ব্লিচিং, ডাইং, প্রিন্টিং, রফতানি, আমদানি করা, যা জব বেসিসের ভিত্তিতেও অন্তর্ভুক্ত।
৩. প্রস্তাবিত কোম্পানির খসড়া মেমোরেন্ডাম এবং ... লিখিতভাবে তাঁদের আপত্তি জানাতে পারেন এবং এর একটি প্রতিলিপি উপরে উল্লিখিত নিবন্ধিত অফিসের ঠিকানায় পি এস নিটওয়্যার এলএলপি-কে পাঠাতে হবে।
পি এস নিটওয়্যার এলএলপি-র পক্ষে ও তরফে,
স্বা/- পূজা সারদা, ডেজিগনেটেড পার্টনার, DPIN: 05344423 | স্বা/- প্রদীপ সারদা, ডেজিগনেটেড পার্টনার, DPIN: 02393726
তারিখ: ০৬.১০.২০২৬

Bank of Baroda | বৈংক ऑफ़ बड़ौदा
জেডওএসএআরবি, কলকাতা
২১এ, সদানন্দ রোড, ২ নং ফ্লোর, কলকাতা-৭০০০২৬
ই-মেল: armcal@bankofbaroda.bank.in
ফোন নম্বর: ০৩৩ ২৪১৯ ৬৪৩৪
ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
অ্যানেক্সার-'এ'
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি; পরিশিষ্ট IV-A [রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম/লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ	মোট বকেয়া	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (প্রতীকী/বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	মেসার্স দিলীপ পলি ফ্যাব প্রাঃ লিঃ ১৭৯, বাদু রোড, ব্রিজওয়্যার কমপ্লেক্স, মৌজা- দিগবেড়িয়া, জেলা- উত্তর ২৪ পরগনা, কলকাতা-৭০০১২৮; মিঃ উমেশ ভারেচ (ডিরেক্টর ও জামিনদার) ফ্ল্যাট নং ৬০১, ফ্লোর নং ৬, ব্লক 'এ', ভিআইপি রোড, কেখালি, কলকাতা-৭০০০৫২; মিঃ উমেশ ভারেচ (ডিরেক্টর ও জামিনদার) ... ৭০০১২৮; মেসার্স শিবখোরি শপারস প্রাঃ লিঃ (জামিনদার) পি-২৪৫, সিআইটি রোড, স্কিম নং VI(M), কলকাতা-৭০০০৫৪	সম্পত্তি নং ১: আরসিসি কাঠামোযুক্ত জি+৫ তলবিশিষ্ট বিল্ডিংয়ের ১ নং ব্লকের সম্পূর্ণ ফার্স্ট ফ্লোর জুড়ে থাকা দক্ষিণ দিক অভিমুখী বাণিজ্যিক ইউনিট, যার অবস্থান: মিউনিসিপ্যাল হোল্ডিং নং ২৪২, জি টি রোড, লক্ষ্মীগঞ্জ বাজার, পোঃঅঃ ও থানা- চন্দননগর, হুগলি, পিন-৭১২১৩৬ (ওয়ার্ড নং ১১), সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৪৬৪৬ বর্গফুট, সম্পত্তির স্বত্বধারক: মেসার্স শিবখোরি শপারস প্রাঃ লিঃ। চৌহদ্দি: উত্তর- পুরসভার গলি এবং অন্যের সম্পত্তি; দক্ষিণ- জি টি রোড এবং অন্যের সম্পত্তি; পূর্ব- অন্যের সম্পত্তি; পশ্চিম- অন্যের সম্পত্তি। ... ব্যাঙ্কের জানা দায়: জানা নেই	₹ ৮,০৯,৮৯,০০০.০০ তৎসহ উদ্ভূত সুদ ও মাশুল এবং অপ্রযুক্ত সুদ ও মাশুল	২৭.১০.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে (১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে)	সম্পত্তি নং ১ ₹৯১,০০,০০০.০০ ₹৯,১০,০০০.০০ ₹১,০০,০০০.০০	বাস্তবিক	১৭.১০.২০২৬ সকাল ১০টা থেকে দুপুর ৩টে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির অন্যান্য শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক https://www.bankofbaroda.bank.in/e-auction.htm এবং https://baanknet.com ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিক মিঃ ধনেশ্বর সাহুর সঙ্গে এই মোবাইল নম্বরে যোগাযোগ করতে পারেন: ৯১৬৩২৬৫৫৮৬।
বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য
তারিখ: ০৭.১০.২০২৬ / স্থান: কলকাতা | অনুমোদিত আধিকারিক / ব্যাঙ্ক অফ বরোদা

পাঞ্জাব নৈশনল বৈংক ...भरोसे का प्रतीक! | punjab national bank ...the name you can BANK upon!
অ্যাসেট রিকভারি ম্যানেজমেন্ট ব্রাঞ্চ, কলকাতা নর্থ
ওরিয়েন্টাল ব্যাঙ্ক হাউস, ৩ নং ফ্লোর, ডিডি-১১, সল্ট লেক সেক্টর-১, কলকাতা-৭০০০৬৪। ই-মেল: cs8266@pnb.bank.in
ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি নীচের টেবিলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।
সুরক্ষিত পরিসম্পদের তফসিল

ক্রম নং	অ্যাকাউন্টের নাম ঋণগ্রহীতা/ জামিনদারের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ এবং স্বত্বধারকের নাম (সম্পত্তির বন্ধকদাতা)	ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি অর্থাঙ্ক (ইএমডি জমার শেষ তারিখ) গ) বিড বাড়ানোর মূল্য	ক) ই-নিলামের তারিখ ও সময় খ) দায় (যদি কিছু থাকে)
১	শাখা: এআরএমবি কলকাতা নর্থ (৮২৬৬০০) মেসার্স তৃষ্ণা কমার্শিয়াল প্রাঃ লিঃ পি-২৪৫, সিআইটি রোড, স্কিম VI(M), কলকাতা-৭০০০৫৪ ...	সম্পত্তি নং ১: সামান্য কমবেশি ১৬ কাঠা ১৩ ছটাক ১৬ বর্গফুট জমির অবিভক্ত ও অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত অংশত জি+৫ তলবিশিষ্ট ও 'এয়ারকন্ডিশন শপিং মল' রূপে পরিচিত একটি বাণিজ্যিক কমপ্লেক্সের ১ নং ব্লকের ...	ক) ৩০.০৭.২০১৫ খ) ₹৯,০০,৩৪,৪৬৩.২৮ তৎসহ পরবর্তীতে উদ্ভূত সুদ ও চার্জ ...	সম্পত্তি নং ১ ক) ₹৯১.৫০ লক্ষ খ) ₹৯.১৫ লক্ষ গ) ₹০.৫০ লক্ষ	ক) ২৭.১০.২০২৬ সকাল ১১টা থেকে বিকেল ৪টে (১০ মিনিটের সম্প্রসারণ সমেত) খ) ব্যাঙ্কের জানা নেই

শর্ত ও নিয়মাবলি: ...
তারিখ: ০৭.১০.২০২৬; স্থান: কলকাতা | অনুমোদিত আধিকারিক, পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা
২৭.১০.২০২৬ তারিখের নিলামের ক্ষেত্রে সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) অধীনে লট নং ১-এর ক্ষেত্রে বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি